গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা- ৯ (পিআইইউ)
ই-মেইল : dte.piu.ad@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৭০.০০১.০৬৯.১৬- ৯৭০

তারিখ ঃ ০৫ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ অডিট আপত্তি সংক্রান্ত ব্রডশীট জবাব ও অন্যান্য বিষয়ে নির্দেশাবলী অনুসরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ হতে প্রেরীত ব্রডসীট জবাব ও অডিট সংক্রান্ত অন্যান্য পত্রাদি যাচাইকালে লক্ষ্য করা যাচ্ছে যে, অডিট সংক্রান্ত পত্রের মর্মানুসারে প্রায়ই যথাযথ তথ্য সংযুক্ত করা হয় না। এ বিষয়ে অত্রসাথ সংযুক্ত অডিট সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক যথাযথভাবে ব্রডশীট জবাবসহ অন্যান্য পত্রাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: অডিট আপত্তি সংক্রান্ত নির্দেশাবলী (১ পাতা)।

২০/১০/১৬
(আ.ন.ম সালাহ্ উদ্দীন খান)
পরিচালক (পিআইইউ)
ফোকাল পয়েন্ট ও সদস্য সচিব
অডিট সেল
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯১১০৯৩৮

বিতরণঃ

১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
২। অধ্যক্ষ, ভোকেশনাল, টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৩-৫। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ/ফরিদপুর/সিলেট।
৬-৫৪। অধ্যক্ষ, সকল পলিটেকনিক ইনস্টিটিউট।
৫৫-১১৮। অধ্যক্ষ, সকল টেকনিক্যাল স্কুল ও কলেজ।
১১৯-১২২। আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/সিলেট।
১২৩। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ।

কার্যার্থে অনুলিপিঃ

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

## অডিট আপত্তি সংক্রান্ত ব্রডশীট জবাব ও অন্যান্য বিষয়ে নির্দেশাবলী ঃ

- প্রতিটি প্রতিষ্ঠানে এ যাবৎ সম্পন্নকৃত অডিটের তথ্য ধারাবাহিকভাবে নথিতে সংরক্ষণ করতে হবে (এ বিষয়ে প্রয়োজনে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অডিট অধিদপ্তর হতে তথ্য সংগ্রহ পূর্বক নথি হালনাগাদ করতে হবে)।
- যে সকল প্রতিষ্ঠানে অদ্যাবধি অডিট সম্পন্ন হয়নি বা পূর্বে অডিট হলেও দীর্ঘদিন যাবৎ অডিট বন্ধ আছে, সে সকল প্রতিষ্ঠানকে এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।
- প্রতিষ্ঠান হতে প্রেরিত অডিট সংক্রান্ত পত্রের বিষয়ে প্রয়োজনে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে তথ্য হালনাগাদ রাখতে হবে।
- সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদের জন্য আলাদাভাবে জবাব ও পত্র প্রেরণ করতে হবে।
- প্রতিষ্ঠান হতে প্রেরিত পত্রে অডিট অধিদপ্তর বা শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক সূত্র উল্লেখসহ উহার কপি সংযুক্ত করতে হবে।
- সাধারণ অনুচ্ছেদের জন্য ০৩ (তিন) সেট ও অগ্রিম অনুচ্ছেদের জন্য ০৪ (চার) সেট জবাব প্রেরণ করতে হবে।
- অডিট অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জবাব প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ব্রডসীট জবাবের প্রতিটি সেট প্রয়োজনীয় প্রমাণকসহ আলাদাভাবে বাইন্ডিং করতে হবে যাতে প্রতিটি সেট সহজেই চিহ্নিত করা যায়।
- ব্রডসীট জবাবের প্রতিটি সেটের সাথে অবশ্যই অডিট অধিদপ্তর কর্তৃক প্রেরিত পূর্ণাঙ্গ অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) সংযুক্ত করতে হবে।
- ব্রডসীট জবাবের ভাষা সাবলীল, সুনির্দিষ্ট ও বোধগম্য হতে হবে।
- প্রতিটি সেটের ব্রডসীট জবাবে স্থানীয় কর্তৃপক্ষের জবাবের কলামে অধ্যক্ষের সীলসহ স্বাক্ষর দিতে হবে (ফটোকপি গ্রহণযোগ্য নয়)।
- ব্রডসীট জবাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের মন্তব্য কলামে ও প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ের মন্তব্য কলামের জন্য পর্যাপ্ত জায়গা রাখতে।
- অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রদানের ক্ষেত্রে যথাযথ সতর্কতার সাথে প্রমাণক সংযুক্ত করতে হবে যাতে পূনরায় জবাব প্রেরণ করতে না হয়। উল্লেখ্য, চালানের কপির সাথে সিটিআর কপি সংযুক্ত করতে হবে।
- অনুচ্ছেদ ভিত্তিক জবাবের সাথে সংযুক্ত প্রমাণক (কাগজপত্র) প্রতিটি অনুচ্ছেদের সাথেই সংযুক্ত করতে হবে এবং সংযুক্ত প্রমাণকের গায়ে অনুচ্ছেদ নম্বর উল্লেখ করে ট্যাগ দিয়ে দিতে হবে।
- আপত্তির বিষয়বস্তু অডিট দল কর্তৃক প্রদত্ত AIR এর আপত্তির অনুরুপ হতে হবে।
- জবাব প্রেরণের ক্ষেত্রে কোন বিষয় বোধগম্য না হলে সে বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের অডিট শাখায় যোগাযোগ করতে হবে।
- নিম্নে সংযুক্ত ছক মোতাবেক ব্রডসীট জবাব লিগ্যাল সাইজ কাগজে Landscape mode -এ প্রেরণ করতে হবে।

### অডিট আপত্তির সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদের ব্রডসীট জবাব প্রদানের নমুনা ছক

বিষয়ঃ ........... সনের অডিট রিপোর্টের বি এস আর(BSR)

| অডিটের সন | অনুচ্ছেদ নম্বর | আপত্তির বিষয়বস্তু | স্থানীয় কর্তৃপক্ষের জবাব | উর্দ্ধতন কর্তৃপক্ষের মন্তব্য/সুপারিশ | প্রশাসনিক মন্ত্রণালয়ের সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

উল্লেখ্য, যে কোন ধরনের ব্রডসীট জবাব অবশ্যই কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে প্রেরণ করতে হবে। কোনক্রমেই সরাসরি অডিট অধিদপ্তরে বা মন্ত্রণালয়ে প্রেরণ করা যাবে না।

২০/১০/২৩